

উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

পল্লী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০৯/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় পল্লী উন্নয়ন বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	অধ্যকার সভায় উপজেরা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্য বিষয় সূচি : ১৫/১১/২০২১ খ্রিঃ পূর্বের সেবামূল্য মওকুফ নীতিমালা অবহিতকরণ। অধ্যকার সভায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন বিভিন্ন প্রকল্প/উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচীর পিইপি ৩০শে জুন ২০২০খ্রিঃপূর্বের বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ বিষয়ে ৫১তম বোর্ড সভায় ৫নং আলোচ্যসূচী অনুযায়ী সেবামূল্য মওকুফ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচী (পিইপি)র ৩০শে জুন ২০২০খ্রিঃ পূর্বের বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ করা হলে সদস্যগণ অতিরিক্ত সেবামূল্যের দায় হতে অব্যহতির সুযোগ পেলে খেলাপী ঋণ পরিশোধে আগ্রহী হবে ফলে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ কমে যাবে। মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় হলে তহবিলের ব্যবহারে আরও গতি সঞ্চার হলে গ্রামীণ অর্থনীতি বেগবান হবে। সদস্যদের দারিদ্র হ্রাসকরণ ও গ্রামীণ অর্থনীতি বিকাশ সহ জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। কর্মসূচীর ৩০শে জুন ২০২০খ্রিঃপূর্বের বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ করার উদ্দেশ্য সভায় পাঠ করে শুনানো হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত : সভায় উপস্থিত সদস্যগণ কর্মসূচীর ৩০শে জুন ২০২০খ্রিঃ পূর্বের বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ করার উদ্দেশ্য সম্পর্কে অবহিত হয়েছেন মর্মে উল্লেখ করেন। আলোচ্য বিষয়সূচি : ০২। উপজেলা দপ্তরের দাখিলকৃত ২০২০সালের ৩০শে জুন এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফের আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই, আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।	১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে। ২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা।

স্মারক নং- স্মারক নং : ৪৭.৬২.৮২৭৩.০০০.০২.০৪০.১১.

তারিখ: ১৫/১২১/২০২১খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পাংশা, উপজেলা কমান্ড রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পাংশা, রাজবাড়ী।